গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ, ইস্কাটন
গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

## ২০২২-২০২৩ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী :

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এনামুল কাদের খান<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | ১৬ এপ্রিল, ২০২৩ |
| সভার সময় | বেলা ১২:৩০ ঘটিকায় |
| স্থান | এনটিআরসিএ'র সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট ''ক" তে দেখানো হল। |

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জনিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্টকে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য আহবান জানান। ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.৩ অনুচ্ছেদ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করার নির্দেশনা রয়েছে। ফোকাল পয়েন্ট সেবা প্রদান কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়ের উপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ ও সিদ্ধান্ত বাস্তবায়ন; | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কোন সংযোজন/বিয়োজন না থাকায় দৃঢ়ীকরণের প্রস্তাব করা হয়। | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | পরিবীক্ষণ কমিটি ও ফোকাল পয়েন্ট |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২. | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুণগর্ঠন | সভাপতির অনুমতিক্রমে ফোকাল পয়েন্ট কর্মকর্তা অধ্যাপক দীনা পারভীন সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ সভায় উপস্থাপন করেন। তিনি বলেন যে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী নিম্নবর্ণিত কাজসমূহ সম্পাদন করতে হবে:-<br><br>সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার ১.১ অনুচ্ছেদে ৩-৫ জন কর্মকর্তার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে পুনর্গঠন করে ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা রয়েছে। যদি বিদ্যমান কমিটির কোন সদস্য পরিবর্তন না হয় তাহলে পূর্বের কমিটিই বলবৎ রয়েছে মর্মে পত্র মারফত উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়ে দিতে হবে।<br><br>সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার ১.২ অনুচ্ছেদ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটিকে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। কমিটি কর্তৃক সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হলে সূচকের বিপরীতে পূর্ণ নম্বর পাওয়া যাবে। | (১.১) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।<br><br>(১.২) পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ কতে হবে। | পরিবীক্ষণ কমিটি ও ফোকাল পয়েন্ট |
| ৩ | আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন | ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভার আয়োজন করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। ফোকাল পয়েন্ট অবহিত করেন যে, মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার আলোচনা অনুযায়ী যে সকল প্রতিষ্ঠানের আওতাধীন কোন দপ্তর/সংস্থা নাই সে সকল প্রতিষ্ঠানকে অভ্যন্তরীণভাবে সভার আয়োজন করতে হবে। সে প্রেক্ষিতে এনটিআরসিএ দপ্তরের তিনটি অনুবিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে আজকের সভার আয়োজন করা হয়েছে। সভাপতি ত্রৈমাসিক সভা অনুষ্ঠানের প্রমানক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | প্রতি ০৩ মাসে ১টি সভার আয়োজন করে প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। | পরিবীক্ষণ কমিটি ও ফোকাল পয়েন্ট |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪ | এন.টি.আর.সি.এ. এর বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি যথাসময়ে হালনাগাদকরণ; | সদস্য ও ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এর ১.৪ নং অনুচ্ছেদ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড, প্রদর্শন ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার নির্দেশনা রয়েছে। হালনাগাদকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক সেবা অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা সহ সকল বিষয় হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। সভাপতি মহোদয় বলেন ৪র্থ ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার পূর্বে তিন অনুবিভাগ থেকে হালনাগাদ সংক্রান্ত মতামত সংগ্রহ করা প্রয়োজন। তিনি ত্রৈমাসিক ভিত্তিতে এন.টি.আর.সি.এ.'র সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা প্রদান করেন। | অনুবিভাগ ভিত্তিক মতামত সংগ্রহ করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে যথাসময়ে ওয়েবসাইটে আপলোড ও প্রদর্শন করতে হবে। | পরিবীক্ষণ কমিটি ও ফোকাল পয়েন্ট |
| ৫ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন সম্পন্নকরণ। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান নির্দেশিকার অনুচ্ছেদ নং ২.২-তে অংশীজনের অংশগ্রহণে ২টি সভার আয়োজন করা হলে বর্ণিত সূচকের বিপরীতে পূর্ণ নম্বর পাওয়া যাবে মর্মে উল্লেখ আছে। এ প্রসঙ্গে তিনি বলেন যে, ৩য় ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ৪র্থ ত্রৈমাসিকে একটি সভা আয়োজনের পরিকল্পনা রয়েছে।<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় বর্ণিত কাজসমূহ প্রতি ত্রৈমাসিকে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার বিষয়ে নির্দেশনা রয়েছে। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের অংশগ্রহণে ০১ টি সভার আয়োজন সম্পন্ন করতে হবে। | পরিবীক্ষণ কমিটি ও ফোকাল পয়েন্ট |
| ৬. | বিবিধ | (ক) সভাপতি এনটিআরসিএ'র বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রতিশ্রুত সেবাসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা গ্রহীতাকে প্রদান করা হচ্ছে কিনা সে বিষয়ে পরিবীক্ষন কমিটিকে পর্যবেক্ষন অব্যহত রাখার নির্দেশনা প্রদান করেন।<br><br>(খ) সভাপতি মহোদয় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ মোতাবেক প্রতি ত্রৈমাসিকে সকল কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের নির্দেশনা প্রদান করেন। সভায় উপস্থিত সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন। | (ক) সেবা গ্রহীতাকে নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করার জন্য পরিবীক্ষন কমিটিকে পর্যবেক্ষন অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) প্রতি ত্রৈমাসিকে নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করে প্রমাণক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। | পরিবীক্ষন কমিটি ও ফোকাল পয়েন্ট। |

০৭. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

EOKhan

২৬-০৪-২০২৩
মোঃ এনামুল কাদের খান
চেয়ারম্যান
০২-৪১০৩০০৪৩
chairman@ntrca.gov.bd

নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৩৮.০০১.২১.১১৬২

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ :**

১। কর্মকর্তা (সকল), এনটিআরসিএ, ঢাকা।

২৭-০৪-২০২৩
মোঃ ওবায়দুর রহমান
সচিব (উপসচিব)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সংযুক্তি